

পথ চলিতে যদি চকিতে
কভু দেখা হয়, পরাণ-প্রিয়!
চাহিতে যেমন আগের দিনে
তেমনি মদির চোখে চাহিও ॥
যদি গো সেদিন চোখে আসে জল,
লুকাতে সে জল করিও না ছল,
যে প্রিয় নামে ডাকিতে মোরে
সে নাম ধরে বারেক ডাকিও ॥
তোমার প্রিয় যদি পাশে রয়,
মোরও প্রিয় সে, করিও না ভয়,
কহিব তারে আমার প্রিয়ারে
আমারো অধিক ভালোবাসিও ॥
বিরহ-বিধুর মোরে হেরিয়া,
ব্যথা যদি পাও যাব সরিয়া,
রব না হয়ে পথের কাঁটা,
মাগিব এ বর মোরে ভুলিও ॥